# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd


স্মারক নং-৫৭.১৬.০০০০.০১১.৩১.০০৩.২৩-২৩৭

তারিখ: ০৯ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ / ২৪ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

## ২০২৪ সালের দাখিল পরীক্ষার সময়সূচি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ২০২৪ সালের দাখিল পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এই সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

| বিষয় ও সময় সকাল ১০ টা থেকে ১ টা পর্যন্ত | বিষয় কোড | তারিখ ও দিন | বিষয় ও সময় বিকাল ২ টা থেকে ৫ টা পর্যন্ত | বিষয় কোড |
|---|---|---|---|---|
| কুরআন মাজিদ ও তাজভিদ | ১০১ | ১৫/০২/২০২৪ বৃহস্পতিবার | × | × |
| আরবি প্রথম পত্র | ১০৩ | ১৮/০২/২০২৪ রবিবার | × | × |
| আরবি দ্বিতীয় পত্র | ১০৪ | ২০/০২/২০২৪ মঙ্গলবার | × | × |
| গণিত | ১০৮ | ২২/০২/২০২৪ বৃহস্পতিবার | × | × |
| বাংলা প্রথম পত্র | ১৩৪ | ২৫/০২/২০২৪ রবিবার | × | × |
| বাংলা দ্বিতীয় পত্র | ১৩৫ | ২৭/০২/২০২৪ মঙ্গলবার | × | × |
| হাদিস শরিফ | ১০২ | ২৮/০২/২০২৪ বুধবার | × | × |
| আকাইদ ও ফিকহ | ১৩৩ | ২৯/০২/২০২৪ বৃহস্পতিবার | × | × |
| ইংরেজি প্রথম পত্র | ১৩৬ | ০৩/০৩/২০২৪ রবিবার | × | × |
| ইংরেজি দ্বিতীয় পত্র | ১৩৭ | ০৫/০৩/২০২৪ মঙ্গলবার | × | × |
| ১. পৌরনীতি ও নাগরিকতা | ১১১ | ০৬/০৩/২০২৪ বুধবার | × | × |
| ২. কৃষিশিক্ষা (তত্ত্বীয়) | ১১৩ | | | |
| ৩. গার্হস্থ্যবিজ্ঞান (তত্ত্বীয়) | ১১৪ | | | |
| ৪. মানতিক | ১১২ | | | |
| ৫. উর্দু | ১১৬ | | | |
| ৬. ফার্সি | ১২৩ | | | |
| ৭. বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | ১৪৩ | | | |
| ১. ইসলামের ইতিহাস | ১০৯ | ০৭/০৩/২০২৪ বৃহস্পতিবার | × | × |
| ২. পদার্থবিজ্ঞান (তত্ত্বীয়) | ১৩০ | | | |
| ১. রসায়ন (তত্ত্বীয়) | ১৩১ | ১০/০৩/২০২৪ রবিবার | × | × |
| ২. তাজভিদ নসর ও নজম (মুজাব্বিদ গ্রুপ) | ১১৯ | | | |
| ৩. তাজভিদ (হিফজুল কুরআন) | ১২১ | | | |
| জীববিজ্ঞান (তত্ত্বীয়) | ১৩২ | ১২/০৩/২০২৪ মঙ্গলবার | × | × |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১৪০ | ১৩/০৩/২০২৪ বুধবার | × | × |
| উচ্চতর গণিত (তত্ত্বীয়) | ১১৫ | ১৪/০৩/২০২৪ বৃহস্পতিবার | × | × |

# ব্যবহারিক পরীক্ষার সময়সূচি

| | | | | |
|---|---|---|---|---|
| সকল বিষয়ের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা | ১৬/০৩/২০২৪ শনিবার হতে ২১/০৩/২০২৪ বৃহস্পতিবার পর্যন্ত (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে)। ৩০/০৩/২০২৪ শনিবারের মধ্যে প্রিন্ট কপি এবং ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্র রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে বোর্ডের দাখিল শাখায় হাতে হাতে জমা দিতে হবে। | প্রতিদিন সকাল ১০ টা হতে পরীক্ষা শুরু করতে হবে | নিজ নিজ কেন্দ্রে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে | ব্যবহারিক পরীক্ষার জন্য শুধুমাত্র ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোন ক্রমেই তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র ব্যবহার করা যাবে না |

## বিশেষ নির্দেশাবলি ঃ

১) পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।

২) প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।

৩) প্রথমে বহুনির্বাচনী ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোন বিরতি থাকবে না।

৪) পরীক্ষার্থীদেরকে তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করতে হবে।

৫) শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪২) এবং ক্যারিয়ার শিক্ষা (১৪৫) বিষয় দুটি এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্তনম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরীক্ষা চলাকালীন সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্রসচিব ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্তনম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবেন।

৬) পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে রোলনম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।

৭) পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনী ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে।

৮) প্রত্যেক পরীক্ষার্থী কেবলমাত্র রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৯) পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।

১০) কেন্দ্রসচিব ব্যতীত অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে ও ব্যবহার করতে পারবেন না। কেন্দ্রসচিব যোগাযোগের স্বার্থে সাধারণ (নন-এনড্রয়েড) মোবাইল ফোন ব্যবহার করবেন।

১১) সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনী, ব্যবহারিক ও মৌখিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই স্বাক্ষরলিপি ব্যবহার করতে হবে।

১২) ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা স্ব-স্ব কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তবে কেন্দ্রস্থিত মাদ্রাসায় বিজ্ঞান বিভাগ না থাকলে কেন্দ্রের আওতাধীন বিজ্ঞান বিভাগ আছে এমন মাদ্রাসায় ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করতে হবে।

১৩) মুজাব্বিদ বিভাগের কিরআতে তারতিল ও হাদর (বিষয় কোড-১২০) এবং হিফজুল কুরআন বিভাগের হিফজুল কুরআন দাওর (বিষয় কোড-১২২) এর মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৪) পরীক্ষার ফল প্রকাশের পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে উত্তরপত্র পুন:নিরীক্ষণের জন্য অনলাইনে SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।

২৪/১২/২৩

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০২০২
ই-মেইল: controller@bmeb.gov.bd

২৪/১২/২৩